বিজ্ঞাপন প্রকাশ
শ্রেণীবদ্ধ সহ বিভিন্ন ধরনের দৈনিক অথবা মাসিক বিজ্ঞাপন সংবাদপত্রে প্রকাশিত করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ।

# এই যুগ
EI YUG

ADVERTISMENT
TO PUBLISH VARIOUS TYPES OF DAILY OR MONTHLY ADVERTISEMENT IN NEWSPAPER INCLUDING CLASSIFIEDS, CONTACT- 9062867921.

EI YUG • HOWRAH • DAILY • VOLUME-4 • ISSUE-404 • 21 SEPTEMBER 2024 , SATURDAY • R.N.I REGISTRATION NO : WBBEN/2020/81746 • PAGE-4 • PRICE: 2/-

## শনিবার থেকে কাজে ফিরছেন জুনিয়র চিকিৎসকেরা



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ , কলকাতা ,২০ সেপ্টেম্বর : আগামী শনিবার থেকে জুনিয়র চিকিৎসকেরা কাজে ফিরছেন। তবে আগের মতো সব পরিষেবা দেবেন না। আংশিকভাবে কাজে যোগ দেবেন। বৃহস্পতিবার রাতে সাংবাদিক বৈঠক করে 'ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট'-র তরফে জানানো হয়েছিল। পাশাপাশি স্বাস্থ্যভবনের সামনে যে অবস্থান চলছে , তা শুক্রবার থেকে তুলে নেওয়া হবে। এছাড়াও শুক্রবার দুপুর তিনটেয় স্বাস্থ্যভবন থেকে সিবিআইয়ের দফতর সিজিও কমপ্লেক্স পর্যন্ত মিছিল করা হবে। তারপর আন্দোলনকারী জুনিয়র ডাক্তাররা নিজেদের মেডিক্যাল কলেজ এবং হাসপাতালে ফিরে যাবেন। পরদিন থেকে শুধুমাত্র জরুরি পরিষেবা প্রদানের কাজে যোগ দেবেন। কিন্তু রাজ্য সরকার যে প্রতিশ্রুতি দিয়েছে , সেটা পূরণ না করলে এবং থ্রেট কালচার নিয়ে তাঁদের দাবি মেনে না নিলে ফের পুরোপুরি কাজ বন্ধ করে দেবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন জুনিয়র ডাক্তাররা।সাতদিনের ডেডলাইনও বেঁধে দিয়েছেন এই জুনিয়র চিকিৎসকেরা। তাঁদের হুঁশিয়ারি, 'আমাদের নমনীয় মনোভাবকে যেন দুর্বলতা হিসেবে ভেবে না নেয় রাজ্য সরকার।'জুনিয়র ডাক্তারদের আন্দোলনের অন্যতম 'মুখ' দেবাশিস হালদার জানিয়েছেন যে শুধুমাত্র জরুরি পরিষেবা প্রদান করা হবে। প্রতিটি বিভাগ এবং প্রতিটি মেডিক্যাল কলেজ ভিত্তিক জরুরি পরিষেবা আলাদা হয়ে থাকে। শুক্রবারের মিছিলের পরে তাঁরা নিজেদের কলেজে ফিরে যাবেন।


## এখনও জলের নিচে উদয়নারায়ণপুর ও আমতার বন্যা প্লাবিত বিস্তীর্ণ এলাকা





সন্দীপ মজুমদার , এই যুগ , হাওড়া , ২০ সেপ্টেম্বর : শুক্রবার রাত পর্যন্ত বিধ্বংসী বন্যা কবলিত উদয়নারায়ণপুর ও আমতার বিস্তীর্ণ এলাকা থেকে জল নামার কোনও লক্ষণ দেখা যায়নি। ইতিমধ্যেই প্রশাসনের তরফ থেকে আমতা ও উদয়নারায়ণপুর এলাকায় অসংখ্য ত্রাণ শিবির খোলা হয়েছে। সেখানে বন্যা কবলিত কয়েক হাজার মানুষকে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আগেই ঘোষণা করেছেন যে এলাকা থেকে যতদিন না জল নামছে ততদিন এইসব মানুষদের জন্য নিয়মিতভাবে খাবারের ব্যবস্থা করতে হবে। এই বিষয়টি তিনি হাওড়ার জেলা শাসক ড. পি দিপাপপ্রিয়া , হাওড়া গ্রামীণ জেলা পুলিশ সুপার স্বাতী ভাঙ্গালিয়া , রাজ্যের পূর্ত ও জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী পুলক রায় এবং বিধায়কদের দেখার জন্য নির্দেশ দিয়েছেন। তিনি ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য কৃষি বিমার মাধ্যমে ক্ষতিপূরণ দেওয়ার আশ্বাস দিয়েছেন। যেসব কাঁচা বাড়ি ভেঙে পড়েছে মুখ্যমন্ত্রী সেইসব বাড়ির মালিকদের তালিকা তৈরি করে পাকা বাড়ি করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। আপাতত তিনি ক্ষতিগ্রস্ত বাড়িগুলির মালিকদের তিনটি করে ত্রিপল দেওয়ার কথা ঘোষণা করেছেন। বৃহস্পতিবার থেকেই বন্যা দুর্গত এলাকায় এনডিআরএফ নামানো হয়।

## সত্যের জয় ,পুজোর আগে বাড়ি ফিরছে বীরভূমের মানুষের হৃদয়ের মণি অনুব্রত



বেবি চক্রবর্ত্তী, এই যুগ, দিল্লি , ২০ সেপ্টেম্বর : জামিন পেলেন অনুব্রত মণ্ডল। বীরভূমের মানুষের হৃদয়ের মণি অনুব্রত মণ্ডল ইডির মামলায় জামিন পেলেন। দিল্লির রাউস অ্যাভিনিউ কোর্ট তাঁকে জামিন দিয়েছে।এর আগে সুপ্রিম কোর্টে সিবিআইয়ের মামলায় জামিন পেয়েছিলেন তিনি। এবার ইডির মামলায় জামিন পেয়েছেন তিনি।সিবিআইয়ের মামলায় জামিন পেলেও ইডির মামলায় জামিন পাননি বলে জেল বন্দি থাকতে হয়েছে অনুব্রত মণ্ডলকে অনেকদিন। কিন্তু এবার ইডির মামলাতেও জামিন মেলায় জেল মুক্তি হচ্ছে অনুব্রত মণ্ডলের। ২০২২ সালে ১১ সেপ্টেম্বর তাঁকে গ্রেফতার করেছিল ইডি। তারপরে গ্রেফতার করে সিবিআই। অনুব্রত মণ্ডলের মেয়ে সুকন্যা মণ্ডলকেও গ্রেফতার করে তিহার জেলে রাখা হয়েছিল। কয়েকদিন আগে সুকন্যা মণ্ডলও জামিন পেয়ে তিহার জেল থেকে বেরিয়ে এসেছেন। এবার অনুব্রত মণ্ডলও জামিন পেলেন। বেশ কয়েকটি শর্তে তাঁকে জামিন দেওয়া হয়েছে। তাতে কেষ্ট বীরভূমে ফিরতে হলেও আগে থেকে আদালতকে জানিয়ে দিতে হবে। অর্থাৎ রাজ্যে ফিরে কোন ঠিকানায় অনুব্রত মণ্ডল থাকবেন তা আগে থেকে জানিয়ে দিতে হবে তদন্তকারীদের। মোবাইল নম্বর আগে থেকে জানাতে হবে আদালতে।-ফাইল চিত্র।

## ভুল পথে ছুটলো কলকাতা-অমৃতসর এক্সপ্রেস ,বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেলেন যাত্রীরা



বেবি চক্রবর্ত্তী ,এই যুগ , কলকাতা ,২০ সেপ্টেম্বর : চলতে চলতে বেমালুম পথ ভুল করলো কলকাতা-অমৃতসর-গামী দুর্গিয়ানা এক্সপ্রেস (১২৩৫৭) ট্রেন। এক-আধ মিনিট নয় , পাক্কা ৩০ মিনিটেরও বেশি ভুল পথে চলার পর নাকোদর স্টেশনে পৌঁছে হুঁশ ফেরে চালকের। রেলের অব্যবস্থার বেআব্রু চিত্র ফের আরও একবার প্রকাশ পেলো। ট্রেনের চালক জলন্ধর থেকে অমৃতসরের ট্র্যাক না ধরে অন্য রুটে চলে যায়। এর পর চালক ভুল বুঝতে পেরে নাকোদর স্টেশনে ট্রেন দাঁড় করিয়ে দেন। স্বাভাবিকভাবেই শুরু হয় হইচই , বিক্ষোভ দেখাতে শুরু করেন ক্ষুব্ধ ট্রেন যাত্রীরা। প্রসঙ্গত উল্লেখ্য ট্রেনটি মঙ্গলবার দুপুরে কলকাতা থেকে অমৃতসরের পথে রওনা হয়েছিল। এই ঘটনার পর আলাদা ইঞ্জিন এনে ট্রেনটিকে অমৃতসরের দিকে নিয়ে যাওয়া হয়। ভুল পথে যাওয়ার পরও বড়সড় দুর্ঘটনা থেকে বাঁচলেন ট্রেনের যাত্রীরা। প্রায় আধ ঘণ্টা ভুল ট্র্যাকে তীব্র গতিতে ট্রেন ছুটলেনও সংশ্লিষ্ট এলাকার বিভিন্ন স্টেশনের স্টেশন মাস্টার , কন্ট্রোল রুম , সিগন্যালের কর্মীরা কেন এত বড় ভুল তারা ধরতে পারলেন না , তা নিয়ে উঠেছে প্রশ্ন।

# জেলার কথা

## জঙ্গল সংলগ্ন এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বললেন বিধায়ক



মলয় দেবনাথ ,এই যুগ , আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : ছিপড়া বালাবাড়ী এলাকায় একটি কালভার্ট পরিদর্শন করতে গেলেন কুমারগ্রামে বিধায়ক মনোজ কুমার ওরাও শুক্রবার বিকেল চারটা নাগাদ। এদিন তার সঙ্গে ছিলেন চার নম্বর মন্ডলের মণ্ডল সভাপতি সঞ্জয় ছেত্রী গৌতম দাস সহ অনেকেই। বিধায়ককে সামনে পেয়ে তাদের দুর্দশার কথা জানালেন এলাকার গৃহবধূ জয়া রায় সহ অনেকেই। এলাকায় রাস্তা নেই চলার মত। তাছাড়া প্রশাসনের পক্ষ থেকে একটি কালভার্ট তৈরি করা হয়েছিল কিন্তু সেই কালভার্ট দিয়ে যাতায়াত করার মত কোন ব্যবস্থা নেই। ফলে স্কুলের ছাত্র-ছাত্রীরা সঠিকভাবে স্কুলে যেতে পারেন না বর্ষাকালে। তাছাড়া হাতির উৎপাত রয়েছে প্রচন্ড। শুক্রবার বিধায়ক এলাকা পরিদর্শন করার পর স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলে প্রতিশ্রুতি দিয়েছেন , খুব শীঘ্রই স্থানীয় বাসিন্দাদের স্বার্থে কালভার্ট ব্যবহার করার মত ব্যবস্থা তিনি করে দেবেন।

## চোলাই তৈরির উপকরণ নষ্ট করল আবগারি বিভাগ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : শামুকতলা থানার অন্তর্গত বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে , চোলাই তৈরির উপকরণ নষ্ট করল আবগারি বিভাগের কুমারগ্রাম সার্কেল। এদিন শামুকতলা সহ লোকনাথ পুর ,ডাঙ্গি , ছিপড়া ,নতুন বাজার , বড় চৌকির বস , কার্তিকা টি স্টেট এইসব জায়গায় অভিযান চালিয়ে চোলাই তৈরির উপকরণ নষ্ট করল আবগারি বিভাগের কর্মীরা। তবে কাউকে গ্রেফতার করতে পারে নাই বলে জানিয়েছে আবগারি বিভাগের কুমারগ্রাম সার্কেল।আরো জানানো হয় লাগাতার এইরকম অভিযান চলতে থাকবে।

# জাতীয় সড়ক বুনো হাতির দখলে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : জাতীয় সড়কে দাড়িয়ে আছে ছয়টি বুনো হাতি যান চলাচল বন্ধ দুদিকে সারি সারি গাড়ির লাইন। ঘটনাটি আলিপুরদুয়ার জেলার ৩১ নং জাতীয় সড়কে পোরো বস্তি এলাকায়। এদিন বিকেলে ছয়টি বুনো হাতি সড়কে দাড়িয়ে ছিল বেশ কিছু ক্ষণ হাতি গুলো দাড়িয়ে থাকায় যান চলাচল বন্ধ ছিল যদিও পরবর্তীতে বুনো হাতি গুলো জঙ্গলে প্রবেশ করে যান চলাচল আবার স্বাভাবিক হয়।

## স্কুলের উন্নয়নে দশ লক্ষ টাকা দেওয়ার প্রতিশ্রুতি বিধায়কের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : চেপানী হাই স্কুলে পরিদর্শনে এসে ১০ লক্ষ টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে গেলেন বিধায়ক মনোজ কুমার ওরাও শুক্রবার দুপুরে। চেপানী হাই স্কুলে বিভিন্ন রকম সমস্যা রয়েছে। যার ফলেই ছাত্র-ছাত্রীরা সঠিকভাবে পড়াশোনার পাশাপাশি খেলাধুলা করতে পারছেন না। স্কুলের জমির কাগজ নিয়ে যথেষ্ট সমস্যা রয়েছে। যার ফলে সরকারি ভাবে কোন রকম আর্থিক সহযোগিতা পাচ্ছে না স্কুল কর্তৃপক্ষ । এছাড়াও স্কুলে পরিচালন কমিটি বলতে কিছু নেই। স্কুল এডুকেশন অফিসার সরাসরি পরিচালনা করেন স্কুলটিকে। বেশ কয়েকদিন আগে স্কুলের প্রধান শিক্ষক সহ আরো বেশ কয়েকজন বিধায়কের দ্বারস্থ হয়েছিলেন। বিধায়ক প্রতিশ্রুতি দিয়েছিলেন স্কুলে গিয়ে তাদের সঙ্গে কথা বলবেন। পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী শুক্রবার বিধায়ক মনোজ কুমার ওরাও সহ বিজেপির বিভিন্ন নেতৃত্বরা স্কুলে আসার পরেই ছাত্র-ছাত্রীরা তাদেরকে বরণ করে স্কুলে নিয়ে যায় প্রধান শিক্ষকের কক্ষে। বিধায়ক মনোজ কুমার ওরাওকে ফুলের তোড়া দিয়ে উত্তরীয় পরিয়ে বরণ করে নেন স্কুলের প্রধান শিক্ষক সহ অন্যান্য শিক্ষকরা। এরপরেই প্রধান শিক্ষকের কক্ষে অন্যান্য শিক্ষকদের সঙ্গে আলোচনায় বসেন বিধায়ক। দীর্ঘ আলোচনার পর স্কুল কর্তৃপক্ষ স্কুলে ছাত্র-ছাত্রীদের ক্লাসে বসার জন্য বেঞ্চ , ছাত্র-ছাত্রীদের সাইকেল রাখার জন্য একটি সাইকেল স্ট্যান্ড এবং একটি মুক্তমঞ্চের দাবি জানান বিধায়ককে। বিধায়ক স্কুল চত্বর পরিদর্শন করে ১০ লক্ষ টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে গেছেন। প্রাথমিক ভাবে একটি মুক্তমঞ্চ তৈরি করা হবে স্কুল প্রাঙ্গনে। বাকি টাকা দিয়ে বেঞ্চ তৈরি করা হবে। পরবর্তী সময়ে তিনি সাইকেল স্ট্যান্ড করার ব্যবস্থা করে দিবেন। বিধায়ক জানান কুমারগ্রাম বিধানসভায় ১৮ টি গ্রাম পঞ্চায়েত রয়েছে এর মধ্যে মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতেই সবচেয়ে বেশি টাকা দিয়েছেন ইতিমধ্যেই। স্কুলের প্রধান শিক্ষক সুব্রত তালুকদার বলেন বিধায়ক কে দাবি জানানো হয়েছে বিধায়ক প্রতিশ্রুতি দিয়েছেন। স্কুলের অপর শিক্ষক মলয় রায় জানিয়েছেন অনেকেই ব্যর্থ বিধায়ক বলে সোশ্যাল মিডিয়ায় নানারকম পোস্ট করেন কিন্তু বিধায়ক ছাত্র-ছাত্রীদের কথা ভেবে উন্নয়নের প্রতিশ্রুতি দিয়ে গেছেন। এদিন বিধায়ক মনোজ কুমার ওরাও এর সঙ্গে ছিলেন চার নম্বর মণ্ডলের মন্ডল সভাপতি সঞ্জয় ছেত্রী গৌতম দাস সহ বিজেপির বিভিন্ন নেতৃত্বরা। বিধায়ক এদিন অন্যান্য শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের সঙ্গে মিড ডে মিল খান একসঙ্গে বসেই।

# ট্রান্সফর্মারে আগুন ,অল্পের জন্য রক্ষা পেল গোটা এলাকা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : বৈদ্যুতিক ট্রান্সফর্মারে আগুন লাগার ঘটনায় চাঞ্চল্য ছড়াল কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়িতে। যদিও বারবিশা দমকল কেন্দ্রের কর্মীরা তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনেন। জানা গিয়েছে , শুক্রবার রাত ৮টা নাগাদ কামাখ্যাগুড়ির হরিবাড়ি সংলগ্ন একটি ট্রান্সফর্মারে আগুন দেখতে পান স্থানীয়রা। ট্রান্সফর্মারে দাউ দাউ করে আগুন জ্বলছিল। ঘটনার জেরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। খবর পেয়ে কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে আসে। এরপর বারবিশা দমকল কেন্দ্রের কর্মীরা ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণের কাজ শুরু করেন। কিছুক্ষণের মধ্যেই আগুন নিয়ন্ত্রণে চলে আসে। সঠিক সময়ে আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে না এলে বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে যেতো বলে মনে করছেন স্থানীয়রা। আগুন নিয়ন্ত্রণে আনার জন্য দমকল কর্মী ও কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন এলাকার বাসিন্দারা।

# উদ্ধার গুলি সহ আগ্নেয়াস্ত্র ,গ্রেপ্তার এক




এই যুগ , মুর্শিদাবাদ ,২০ সেপ্টেম্বর : মুর্শিদাবাদ জেলা পুলিশের ভগবানগোলা থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে থানা এলাকার পাহাড়পুরে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড গুলি। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তদন্তের স্বার্থে পুলিশ ধৃতের নাম ঠিকানা গোপন রেখেছে।

# ডাক পার্সেলের গাড়ি থেকে উদ্ধার একচল্লিশটি মহিষ গ্রেপ্তার এক




এই যুগ , শিলিগুড়ি ,২০ সেপ্টেম্বর : শিলিগুড়ির ফাঁসিদেওয়া মুরালিগঞ্জে শুক্রবার সকালে একটি ডাক পার্সেল এর গাড়িতে তল্লাশী চালিয়ে একচল্লিশটি মহিষ উদ্ধার করে বিধাননগর তদন্ত কেন্দ্রের পুলিশ। জানা গেছে মুরালিগঞ্জে নাকা চেকিং পরিচালনা করছিলো পুলিশ কর্মীরা।সেই সময় ডাক পার্সেলের গাড়িটি আটক করে তল্লাশী চালায় পুলিশ। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় একচল্লিশটি মহিষ। মহিষ পরিবহনের কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় গ্রেপ্তার করা হয় গাড়ির চালক ফরমান আলমকে। চালকের বাড়ি উত্তর দিনাজপুর জেলার ডালখোলায়। পুলিশ সূত্রে জানা গেছে মহিষগুলি বিহার থেকে গাড়িতে বোঝাই করা হয় শিলিগুড়ি থেকে অসম হয়ে বাংলাদেশে পাচার করার উদ্দ্যেশ্যে। সে ছক ভেস্তে দিলো পুলিশ। ধৃতকে শুক্রবার আদালতে পেশ করে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# আলিপুরদুয়ার এর বীরপাড়া পুলিশ লাইন এলাকায় অবৈধ নির্মান ভেঙ্গে দিলো প্রশাসন



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার ,২০ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বীরপাড়া পুলিশ লাইন এলাকায় সরকারি জমি জবরদখল করে নির্মিত একটি অবৈধ নির্মান ভেঙ্গে দিলো প্রশাসন। জানা গেছে শুক্রবার সকাল সাড়ে দশটা নাগাদ পুলিশ ও জে সি বি নিয়ে ঘটনাস্থলে যান আলিপুরদুয়ার মহকুমাশাসক বিপ্লব সরকার। তার নেতৃত্বেই অবৈধ নিরফমান্টি ভেঙ্গে দেওয়া হয়। উল্লেখ্য দুমাস আগে মুখ্যমন্ত্রীর নির্দেশের পর এই এলাকায় সরকারি জমি জবরদখল করে গড়ে ওঠা অনেকগুলি অবৈধ নির্মান ভেঙ্গে দিয়েছিলো প্রশাসন। তখন একটি নির্মানের কিছুট অংশ ভেঙ্গে দিয়ে বাকি অংশটি ভেঙ্গে দেবার নির্দেশ দেওয়া হয়েছিলো কিন্তু নির্মানকারি সেই নির্দেশ অনুসারে বাকি অংশটি না ভাঙ্গায় প্রশাসন এদিন সেটি ভেঙ্গে দেয়।

# মদ পান করে পরিবারে অশান্তি করায় বেঁধে রাখা হয় হাত পা ,মৃত্যু ঘটে মদ্যপায়ী ব্যক্তির ,তদন্তে পুলিশ



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২০ সেপ্টেম্বর : মদ পান করে পরিবারে অশান্তি করায় অতিষ্ঠ পরিবারের সদস্যরা বাড়ির বাইরে মদ্যপ ব্যক্তির হাত পা বেঁধে রেখে যে যার কাজে ব্যস্ত হয়ে পড়ে।

বেশ কিছুক্ষন পর কাজ থেকে ফিরে মদ্যপ ব্যক্তির হাত পায়ের বাঁধন খুলতে গিয়ে পরিবারের সদস্যরা ঐ ব্যক্তিকে মৃত অবস্থায় দেখতে পান। ভয় পেয়ে তারা মৃত ব্যক্তিকে ঘরের ভেতরে নিয়ে যান। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার বিকাল নাগাদ আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের পূর্বশালবাড়ি ঘোলানিহাট লাগোয়া এলাকায়। মৃতের নাম রাফেল মিঞ্জ (৪৫)। জানা গেছে মৃত ব্যক্তি প্রতিদিন মদ পান করে বাড়িতে এসে পরিবারের ঝামেলা করতেন। তার অত্যাচারে পরিবারের লোকেরা অতিষ্ঠ হয়ে উঠেছিল। শুক্রবার মৃত্যুর ঘটনাটি জানাজানি হতেই এলাকায় আলোড়ন সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান বারোবিশা পুলিশ ফাঁড়ির পুলিশ। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

কাগজের নৌকা

21 SEPTEMBER 2024 , শনিবার

## লেখা প্রকাশ

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশ করতে যোগাযোগ করুন - ৯০৬২৮৬৭৯২১ নং এ

## ক্রন্দন

আশীষ কুমার কুন্ডু
( ব্যারাকপুর , পশ্চিমবঙ্গ )

মিট-মিট করে জ্বলছে তারা , ভন-ভন করে ভোমরা ,
গুন-গুন করে গান গায় , মধু-বনে ওই যে মালতি ,
আকাশ-পানে শুধু যে চায়।
যেটা দেখা , কানে শোনা ,
হাতের নিপুন সেবা ,
মেনে নেয় শুধু যে আজ ,
তাদেরই আনাগোনা।
সন্ধ্যা নামে ফুল যে ফোটে ,
উঠবে নিশিত কুঞ্জে ফুটে ,
দুঃখে- সুখে ভরে নাও ,
যে তোমায় সত্যিকার করে ভাবে ,
রইল যে সব পড়ে ,
মুক্ত বিহঙ্গ পাখা খানি মেলে ,
আকাশে উড়ে যায় ,
উড়ে যাব , উড়ে যাব ভেবেই চলে ,
আঁড় চোখে তাকিয়ে থাকে ,
ওই সুদূর আকাশ-পানে , জীবনে কিছু হারালে ,
জেনে রাখা দরকার , পাখা মেলবে বলে ,
চিট-পটাং ভাবনা ও বন্ধ করা দরকার।
মুখায়ব যে আকাশ পানে চেয়ে ,
হু-হু করে উড়তে চায় , ডাঙ্গা ভেঙ্গে পড়লে ,
তাই তো প্রাণ সংশয়ে ভরে যায়।
তবু যে চাই আজ দুইখানি পাখা ,
এক আকাশে গিয়ে হবে যে দেখা।।

## আর জি কর কাণ্ডের ধোঁয়াশা কাটছে না কিছুতেই




বেবি চক্রবর্তী , এই যুগ , কলকাতা , ২০ সেপ্টেম্বর : আর জি কর কাণ্ডের ধোঁয়াশা কাটছে না কিছুতেই। রহস্যের জট কাটাতে এবার টালা থানার ওসি অভিজিৎ মণ্ডলের পলিগ্রাফ করাতে চায় সিবিআই। পাশাপাশি সন্দীপ ঘোষের নারকো টেস্টও করাতে চায় তদন্তকারীরা। এই মর্মে আদালতে আবেদন জানাল তারা। যদিও এখনও আইনি অনুমতি মেলেনি।সিবিআই সূত্রের খবর ছিল , আর জি করের প্রাক্তন অধ্যক্ষের জেরায় একাধিক অসঙ্গতি মিলেছে। সেই ধোঁয়াশা কাটাতেই গুজরাটে নিয়ে গিয়ে তাঁর নারকো পরীক্ষা করাতে চায় তদন্তকারীরা। ইতিপূর্বে তাঁর পলিগ্রাফ হয়েছিস। কিন্তু নারকো পরীক্ষা করাতে রাজি হয়নি সন্দীপ। এবার আদালতের দ্বারস্থ হল সিবিআই।এদিকে এই মামলায় ইতিমধ্যে ৯ জনের পলিগ্রাফ টেস্ট করিয়েছে সিবিআই। এবার টালা থানার প্রাক্তন ওসি অভিজিৎ মণ্ডলকেও পরীক্ষা করতে চায় তারা। আদালতে পেশের পরই এই মর্মে আবেদন জানিয়েছেন তদন্তকারীরা। আইনি অনুমতি মেলে কি না সেদিকে তাকিয়ে সিবিআই। উল্লেখ্য , আর জি কর কাণ্ডে ইতিমধ্যেই প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ-সহ আরও ৯ জনের পলিগ্রাফ পরীক্ষার অনুমতি দিয়েছে শিয়ালদহের অতিরিক্ত মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট (এসিজেএম) আদালত। সেই মতো তাঁদের পলিগ্রাফ টেস্টও হয়েছে। পলিগ্রাফ টেস্ট হয়েছে এই কাণ্ডে গ্রেপ্তার হওয়া মূল অভিযুক্ত সঞ্জয় রায়েরও।-ফাইল চিত্র।

## উত্তরবঙ্গ বন জন শ্রমজীবী মঞ্চের বিক্ষোভ কর্মসূচি ও ডেপুটেশন




মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার , ২০ সেপ্টেম্বর : বনাধিকার আইন-২০০৬ সঠিকভাবে রূপায়ণের দাবিতে শুক্রবার বেলা এগারোটা নাগাদ বক্সা ব্যাঘ্র প্রকল্পের সাউথ রায়ডাক রেঞ্জ অফিসে বিক্ষোভ কর্মসূচি ও ডেপুটেশন প্রদান করল উত্তরবঙ্গ বন জন শ্রমজীবী মঞ্চ। সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জ অফিসার দেবাসিস মন্ডল কে সংগঠনের পক্ষ থেকে এদিন একটি দাবিপত্রও তুলে দেওয়া হয় । শিলটং এবং ছিপড়া বনবস্তির বাসিন্দারা এদিনের ওই বিক্ষোভ কর্মসূচিতে উপস্থিত ছিলেন। রেঞ্জ অফিসের সামনে চলে বিক্ষোভ। এরপর রেঞ্জ অফিসার দেবাসিস মন্ডল এর সঙ্গে আলোচনা করে সংগঠনের প্রতিনিধি দল দাবিপত্র তুলে দেয়। ৮টি দাবি জানানো হয় সংগঠনের পক্ষ থেকে। এদিনের এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ বন জন শ্রমজীবী মঞ্চের কো-কনভেনর আননকুমার ওরাওঁ , সুন্দর সিং রাভা , বিশ্বনাথ রাভা সহ অন্যান্যরা। বন বিভাগের সাউথ রায় ডাক রেঞ্জের রেঞ্জ অফিসার দেবাশীষ মন্ডল বনেল জানিয়েছেন , একটি দাবি পত্র পেশ করেছেন , দাবিপত্রটি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে।

## করতোয়া তালমা সেচ ক্যানেলে ভাঙ্গন , সমস্যায় বাসিন্দারা



এই যুগ , জলপাইগুড়ি , ২০ সেপ্টেম্বর : জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের বিন্নাগুড়ি গ্রাম পঞ্চায়েতের আমবাড়ি সাহেবপাড়া এলাকায় করতোয়া তালমা সেচ ক্যানেলের বাঁধ সহ বেশ কিছুটা অংশ ভেঙ্গে যাওয়ায় সমস্যায় পড়েছেন বাসিন্দারা। তারা জানান দীর্ঘদিন ধরে সেচ নালা সহ বাঁধের বেশ কিছু অংশে ফাটল ছিলো। দিন কয়েক আগে সেচ নালায় জল ছাড়া হয়। বৃহস্পতিবার জলের তোড়ে ফাটল ধরা অংশগুলি ভেঙ্গে যায়। বাঁধের অংশ ভেঙ্গে যাওয়ায় বাসিন্দারা যাতায়াতের সমস্যায় পড়েছেন। তারা সেচ নালা সহ বাঁধের ভেঙ্গে যাওয়া অংশ দ্রুত মেরামতের দাবি জানান। বসসিন্দারা বাঁধের ভেঙ্গে যাওয়া অংশ মেরামত না হলে যাতায়াতের সমস্যা সমাধান হবেনা। অপরদিকে সেচ নালা সহ বাঁধের ভেঙ্গে যাওয়া অংশ দ্রুত মেরামত না হলে আসন্ন রবি মরশুমে কয়েক হাজার কৃষক জলের অভাবে চাষের কাজ করতে পারবেননা। স্থানীয় গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ জানিয়েছে তারা সেচ নালা ও বাঁধ দ্রুত মেরামতের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে জানিয়েছেন।

মানুষের কাছে পৌঁছনোর সহজ সুযোগ




বিজ্ঞাপন প্রকাশ

নিজের ব্যবসার প্রচার করুন

দৈনিক 'এই যুগ' সংবাদপত্রে নিজস্ব ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন - 9062867921

EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S - DOMJUR ,DISTRICT -HOWRAH , PIN -711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE " ,BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA ,P.S-DOMJUR , STATE - WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO -9062867921 ,9836753661 । EMAIL-EIYUGNEWSPAPER@GMAIL.COM , NEWSPAPER EIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।